

# আনিসুল হককে প্রার্থী করায় ব্যবসায়ীরা আনন্দিত

প্রকাশিত : ০৬ :০৮, ১ মার্চ ২০১৫

আনিসুল হককে প্রার্থী করায় ব্যবসায়ীরা আনন্দিত

অর্থনৈতিক রিপোর্টার ॥ আসন্ন ঢাকা সিটি কর্পোরেশন নির্বাচনে ব্যবসায়ী নেতা আনিসুল হককে মেয়র প্রার্থী করায় ব্যবসায়ীরা খুশি ও আনন্দিত। তাঁকে প্রার্থী হিসেবে ঘোষণা করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকেও ব্যবসায়ীদের পক্ষ থেকে অভিনন্দন জানানো হয়েছে। চেম্বার নেতারাও আনিসুল হককে অভিনন্দন জানিয়েছেন। খুব দ্রুতই বড় অনুষ্ঠানের মাধ্যমে আনিসুল হককে সংবর্ধনা দেয়ার প্রস্তুতি শুরু করেছে কয়েকটি বাণিজ্যিক সংগঠন। ইতোমধ্যে ব্যবসায়ী নেতারা আনিসুল হকের বাসায় নৈশভোজে মিলিত হয়েছেন। এফবিসিসিআইয়ের মতো সিটি কর্পোরেশন নির্বাচনেও তাঁর পাশে থেকে কাজ করার ঘোষণা দিয়েছে ব্যবসায়ীদের একটি বড় অংশ। এদিকে, শনিবার কাউন্সিল অব চেম্বার প্রেসিডেন্টসের এক বিজ্ঞপ্তিতে সংগঠনটির সাবেক সভাপতি আবুল কাশেম আহমেদ জানান, এফবিসিসিআইয়ের সাবেক সভাপতি আনিসুল হককে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন নির্বাচনে আওয়ামী লীগের মেয়র প্রার্থী হিসাবে নাম চূড়ান্ত করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন দেশের শীর্ষ ব্যবসায়ী ও ৬০ জেলা চেম্বার নেতৃবৃন্দ। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, প্রধানমন্ত্রীর ইচ্ছায় একজন ব্যবসায়ী নেতা প্রথমবারের মতো ঢাকা সিটি কর্পোরেশন উত্তরের মেয়র পদে আওয়ামী লীগের মনোনয়ন পেয়েছেন। যোগ্যতা ও দক্ষতা বিবেচনায় নিয়ে আনিসুল হককে প্রার্থী করায় ব্যবসায়ী সমাজ আনন্দিত ও গর্বিত। আনিসুল হক নির্বাচিত হলে তাঁর দক্ষতা ও যোগ্যতা বলে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বৈপ্লবিক পরিবর্তন এবং বিশ্বমানের আধুনিক শহরে পরিণত হবে বলে ব্যবসায়ী সমাজ প্রত্যাশা করছে।